

বিদেশগামী বাংলাদেশি কর্মীদের বাধ্যতামূলক বীমার পরিকল্প, সুবিধাসমূহ ও প্রাপ্তা

বীমা পরিকল্প

ক্রমিক	বিষয়	বিবরণ
১.	বীমা অংক:	টঃ ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা।
২.	বীমার মেয়াদ:	০৫ (পাঁচ) বছর।
৩.	বয়স সীমা:	১৮ থেকে ৫৫ বছর।
৪.	প্রদেয় প্রিমিয়াম:	টঃ ১,০০০.০০ (এক হাজার) টাকা এককালীন।
৫.	সুবিধা:	বীমার মেয়াদের মধ্যে বীমাকৃত ব্যক্তির মৃত্যু হলে সম্পূর্ণ বীমা অংক তফসিল-ক অনুযায়ী প্রদেয়। সম্পূর্ণ স্থায়ী পঞ্জুত (অক্ষমতা) হলে সম্পূর্ণ বীমা অংক তফসিল-খ অনুযায়ী প্রদেয়। আংশিক স্থায়ী পঞ্জুত (অক্ষমতা) হলে বীমা অংকের একটি নির্দিষ্ট অংক শতকরা হার তফসিল-গ অনুযায়ী প্রদেয়। চাকুরিচ্যুত হয়ে ৬ (ছয়) মাসের মধ্যে বাংলাদেশে ফেরত আসলে তফসিল-ঘ অনুযায়ী আর্থিক সুবিধা প্রদেয়। (তফসিল-ক, খ, গ, ঘ চুক্তির শর্তাবলীর ক্রমিক নং ৬-এ উল্লেখ করা হয়েছে)।

প্রবাসী কর্মী বীমা সুবিধাসমূহ

তফসিল-ক: মৃত্যু (Death)

ক্রমিক	ক্ষতির বিবরণ	প্রদেয় আর্থিক সুবিধা
১.	স্বাভাবিক মৃত্যু।	বীমা অংকের ১০০%
২.	দুর্ঘটনাজনিত কারণে বীমার মেয়াদকালে অথবা বীমার মেয়াদ উত্তীর্ণের পর ৯০ দিনের মধ্যে মৃত্যুবরণ করলে।	বীমা অংকের ১০০%

তফসিল-খ: সম্পূর্ণ এবং স্থায়ী অক্ষমতা/পঞ্জুত (Total and permanent Disability (TPD))

ক্রমিক	ক্ষতির বিবরণ	প্রদেয় আর্থিক সুবিধা
১.	উভয় চক্ষুর দৃষ্টিশক্তি নষ্ট হলে।	বীমা অংকের ১০০%
২.	কজির উপর থেকে উভয় হাত কাটা/খোয়া গেলে (Loss)।	বীমা অংকের ১০০%
৩.	গোড়ালির উপর থেকে উভয় পা কাটা/খোয়া গেলে (Loss)।	বীমা অংকের ১০০%
৪.	কজির উপর থেকে এক হাত এবং গোড়ালির উপর থেকে এক পা কাটা/খোয়া গেলে (Loss)।	বীমা অংকের ১০০%
৫.	এক চক্ষু এবং কজির উপর থেকে এক হাত নষ্ট/কাটা/খোয়া গেলে (Loss)।	বীমা অংকের ১০০%
৬.	এক চক্ষু এবং গোড়ালীর উপর থেকে এক পা নষ্ট/কাটা/খোয়া গেলে (Loss)।	বীমা অংকের ১০০%

তফসিল-গ: আংশিক স্থায়ী অক্ষমতা/পঞ্জুত (Partial Permanent Disability (PPD))

ক্রমিক	ক্ষতির বিবরণ	প্রদেয় আর্থিক সুবিধা
১.	এক চোখের দৃষ্টিশক্তি হারিয়ে গেলে।	বীমা অংকের ৫০%
২.	কজির উপর হতে এক হাত কাটা বা খোয়া গেলে।	বীমা অংকের ৫০%
৩.	গোড়ালির উপর থেকে এক পা সম্পূর্ণ কাটা বা খোয়া গেলে।	বীমা অংকের ৫০%
৪.	উরুসন্ধি হতে (Lower limb) হাঁটুর নিচ পর্যন্ত (Below Knee) সম্পূর্ণ কাটা বা খোয়া গেলে।	বীমা অংকের ২৫%
৫.	এক পা কাটা বা খোয়া গেলে।	বীমা অংকের ২৫%
৬.	নিচের চোয়াল সরে গেলে।	বীমা অংকের ২৫%
৭.	বৃদ্ধাঙ্গুলিসহ হাতের চার আঙ্গুল সম্পূর্ণরূপে কাটা গেলে।	বীমা অংকের ২৫%
৮.	হাতের বৃদ্ধাঙ্গুলি সম্পূর্ণরূপে কাটা বা খোয়া গেলে।	বীমা অংকের ১৫%
৯.	পায়ের সকল আঙ্গুল কাটা বা খোয়া গেলে।	বীমা অংকের ১৫%
১০.	তর্জনী আঙ্গুল সম্পূর্ণরূপে কাটা বা খোয়া গেলে।	বীমা অংকের ১৫%
১১.	মাঝের আঙ্গুল সম্পূর্ণরূপে কাটা বা খোয়া গেলে।	বীমা অংকের ১৫%
১২.	অনামিকা আঙ্গুল সম্পূর্ণরূপে কাটা বা খোয়া গেলে।	বীমা অংকের ১০%
১৩.	ছোট আঙ্গুল সম্পূর্ণরূপে কাটা বা খোয়া গেলে।	বীমা অংকের ১০%
১৪.	পায়ের বড় আঙ্গুল ছাড়া যেকোন একটি কাটা বা খোয়া গেলে।	বীমা অংকের ১০%
১৫.	পায়ের বড় আঙ্গুলসহ চার আঙ্গুল সম্পূর্ণরূপে কাটা বা খোয়া গেলে।	বীমা অংকের ১০%
১৬.	পায়ের বড় আঙ্গুল সম্পূর্ণরূপে কাটা বা খোয়া গেলে।	বীমা অংকের ১০%

বিঃদ্রঃ আংশিক স্থায়ী অক্ষমতা/পঞ্জুত হওয়ার পর মৃত্যুবরণ করলে মৃত্যু দাবী (বীমা অংক) থেকে আংশিক স্থায়ী অক্ষমতা/পঞ্জুত জনিত প্রদেয় দাবী বাদ দিয়ে অবশিষ্ট বীমা অংক মৃত্যু দাবী হিসেবে প্রদান করা হবে।

তফসিল-ঘ: চাকুরিচ্যুতির সুবিধা (Jobless Benefit)

ক্রমিক	ক্ষতির বিবরণ	প্রদেয় আর্থিক সুবিধা
১.	বিদেশ গমনের পর চাকুরিচ্যুত হয়ে ০৬ (ছয়) মাসের মধ্যে বাংলাদেশে ফেরত আসলে।	টাকা: ৫০,০০০/- (পঁঞ্চাশ হাজার) টাকা প্রদেয়। তবে নিয়োগকারীর সম্পূর্ণ খরচে বিদেশগামী কর্মীদের ক্ষেত্রে এ সুবিধা প্রযোজ্য হবে না।

বিশেষ শর্ত: চাকুরিচ্যুত হয়ে শতকরা কতজন প্রবাসী কর্মী বাংলাদেশে ফেরত আসে, তাদের তথ্য না থাকা সত্ত্বেও পরিকল্পনা তৈরী করা হয়েছে বিধায় বাস্তবায়নের সময় দাবীর পরিমাণ বেশি হলে পরিকল্পনা পুনঃমূল্যায়ন করা হবে।

৭. যে সকল ক্ষেত্রে বীমা সুবিধা প্রাপ্য/ প্রযোজ্য হবে না (Exclusions)

ক.	বীমার ঝুঁকি গ্রহণের ০৬ (ছয়) মাসের মধ্যে আত্মহত্যা অথবা স্বীয় ক্ষতি (Self-harm).
খ.	AIDS/HIV সম্পর্কিত রোগে সরাসরি মৃত্যু অথবা অসুস্থতা।
গ.	উচ্চ ঝুঁকি সম্পন্ন খেলা অথবা দুঃসাহসিক কার্যকলাপ যেমন- মটর রেসিং, মুষ্টিযুদ্ধ, স্কুবা ডাইভিং, hand gliding, parachuting, horse racing, mountaineering ইত্যাদির কারণে মৃত্যুবরণ।
ঘ.	Pre-existing conditions prior to commencement of membership.
ঙ.	মদ অথবা মাদকাসক্তির কারণে মৃত্যু, যুদ্ধ অথবা দাঙ্গা অথবা Civil commotion/ Acts of terror এর কারণে মৃত্যুবরণ।
চ.	গুরুতর অপরাধে আদালতের রায়ে মৃত্যু দণ্ডপ্রাপ্ত।